গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
ইঞ্জিনিয়ারিং এন্ড ইলেকট্রনিক্স উইং
www.plancomm.gov.bd

নং- ২০.০৫.০০০০.৫৫২.১৪.১৮৪.১৮-১৪

তারিখঃ ০১ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
১৬ আগস্ট ২০১৮ খ্রি:

**বিষয়ঃ প্রকল্প মুল্যায়ন কমিটি (পিইসি) সভার কার্যবিবরণী প্রেরণ।**

পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের সদস্য মিজ্ শামীমা নার্গিস এর সভাপতিত্বে প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক প্রস্তাবিত "বেপজা অর্থনৈতিক অঞ্চল-১ম পর্যায়" শীর্ষক প্রকল্পের ওপর গত ১৩/০৮/২০১৮ তারিখে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি)-এর সভা অনুষ্ঠিত হয়।

০২। সভার কার্যবিবরণী প্রয়োজনী কার্যার্থে ও অবগতির জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

১৬/০৮/২০১৮

(মো: সালাহউদ্দিন আহাম্মদ)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১৮০৯৯৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (দৃ: আ:-পরিচালক-১)।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫। সচিব, পরিবেশ , বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৮। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৯। যুগ্ম-প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১০। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), আব্দুল মোনেম বিজনেস ডিস্ট্রিক্ট (লেভেল-১২), ১১১ বীর উত্তম সি. আর দত্ত রোড, ঢাকা-১২০৫।
১১। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা), বেপজা কমপ্লেক্স, বাড়ি # ১৯/ডি, রোড # ৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫।

Received 16-08-18

সদয় অবগতির জন্য অনুলিপিঃ-

১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪। যুগ্ম-প্রধান (ই এন্ড ই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
ইঞ্জিনিয়ারিং এন্ড ইলেকট্রনিক্স উইং
www.plancomm.gov.bd

**বিষয়ঃ প্রকল্প মুল্যায়ন কমিটি (পিইসি) সভার কার্যবিবরণী।**

পরিকল্পনা কমিশনের সদস্য (শিল্প ও শক্তি) মিজ্ শামীমা নার্গিস এর সভাপতিত্বে গত ১৩-০৮-২০১৮ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত "বেপজা অর্থনৈতিক অঞ্চল-১ম পর্যায়" শীর্ষক প্রকল্পের উপর প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি)-এর সভা পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা **পরিশিষ্ট-'ক'** তে সন্নিবেশ করা হলো।

২.০। উপস্থাপনাঃ

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি প্রকল্পটি সভায় উপস্থাপনের জন্য বিভাগ প্রধানকে অনুরোধ জানান। বিভাগ প্রধান প্রকল্পের শিরোনামে ১ম পর্যায়ের যৌক্তিকতা এবং প্রকল্প এলাকা বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) এর নিকট হতে বেপজা কর্তৃক বুঝে নেয়ার অগ্রগতি অবহিতকরণসহ একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে প্রকল্পটি উপস্থাপনের জন্য বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর প্রতিনিধিদের অনুরোধ জানান। বিভাগ প্রধানের আহ্বানে বেপজা'র প্রতিনিধি একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে জানান যে, আলোচ্য "বেপজা অর্থনৈতিক অঞ্চল- ১ম পর্যায়" শীর্ষক প্রকল্পটি চট্টগ্রামের মিরসরাইয়ে অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য নির্ধারিত স্থানে ১১৫০ একর জমির উপর ৭৫৯.৫০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ১ জুলাই, ২০১৮ হতে ৩০ জুন, ২০২১ মেয়াদে বেপজা'র মাধ্যমে বাস্তবায়নের জন্য প্রস্তাব করা হয়েছে। মোট প্রকল্প ব্যয়ের মধ্যে ৪৫৫.৭০ কোটি টাকা জিওবি ঋণ এবং ৩০৩.৮০ টাকা ইক্যুইটি। সভায় আরো জানানো হয় যে, মাননীয় প্রধানমন্ত্রী গত ২৪ জানুয়ারী ২০১৮ তারিখে চট্টগ্রামের মিরসরাইয়ে বেপজা অর্থনৈতিক অঞ্চলের ভিত্তি প্রস্তর স্থাপন করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা ও প্রতিশ্রুতি মোতাবেক বিনিয়োগ বান্ধব পরিবেশ তৈরী করে রপ্তানী আয় বৃদ্ধি করা প্রস্তাবিত প্রকল্পটির মূখ্য উদ্দেশ্য। সভায় জানানো হয় যে, প্রকল্পের আওতায় মূল কার্যক্রম হলো- ১১৫০ একর ভূমি ক্রয়ের আংশিক মূল্য পরিশোধ; ৯১,০০,৯০০.০০ ঘন মিটার ভূমি উন্নয়ন, ২৫০ টি শিল্প প্লট সৃষ্টি, ২,২৮,১৫০ বর্গ মিটার রাস্তা নির্মাণ, ২৫,২৩৯.৩৯ মিটার ড্রেন নির্মাণ এবং স্যানিটারি ও পানি সরবরাহ ব্যবস্থা, বৈদ্যুতিক সুবিধা, সংযোগ রাস্তা, বৃষ্টির পানি সংরক্ষণ জলাধার নির্মাণসহ অন্যান্য প্রয়োজনীয় সুবিধাদি সৃষ্টি করা হবে। প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে স্থানীয় ও বিদেশী বিনিয়োগের মাধ্যমে ১.৫ লক্ষ জনের নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

২.২। বেপজা'র মহাব্যবস্থাপক (আইপি) বেপজা'র ৮টি ইপিজেডে নতুন শিল্প প্রতিষ্ঠান স্থাপন, বিনিয়োগ আকৃষ্টকরণ, নতুন কর্মসংস্থান সৃষ্টি, রপ্তানী আয় বৃদ্ধি ইত্যাদি ক্ষেত্রে বর্তমান সরকারের ২০০৯-২০১৭ সময়ের ৯ বছরের সঙ্গে পূর্ববর্তী ৯ বছরের (২০০০-২০০৮) প্রবৃদ্ধির তুলনামূলক চিত্র প্রেজেন্টেশনের মাধ্যমে সভায় অবহিত করেন। এছাড়া, গত অর্থ বছরে বেপজা'র মাধ্যমে নতুন শিল্প প্রতিষ্ঠান স্থাপন, রপ্তানী আয়, প্রকৃত বিনিয়োগ ও নতুন কর্মসংস্থান ইত্যাদি ক্ষেত্রে সাফল্যের চিত্রসহ জাতীয় অর্থনীতিতে বেপজা'র অবদান সভায় তুলে ধরা হয়। পওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনে গুগল ম্যাপে প্রস্তাবিত বেপজা অর্থনৈতিক অঞ্চলের অবস্থান, পারিপার্শ্বিক অবস্থা, কানেকটিভিটি, প্রস্তাবিত মাস্টার প্ল্যান ইত্যাদি প্রদর্শন করা হয়।

২.৩। আলোচ্য প্রকল্পটি ১ম পর্যায়ের প্রকল্প হিসাবে উল্লেখ করা প্রসঙ্গে বেপজা'র প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, 'বেপজা অর্থনৈতিক অঞ্চল-১ম পর্যায়' প্রকল্পের আওতায় ১১৫০ একর ভূমির সম্পূর্ণ অংশের ভূমি উন্নয়ন কাজ সম্পন্ন করা হবে। তবে ৩৬০ একর জমির উপর অবকাঠামো উন্নয়ন করা হবে। পরবর্তী পর্যায়ে অবশিষ্ট জমির উপর প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণের কার্যক্রম গ্রহণ করা হবে।

২.৪। আলোচনায় অংশ নিয়ে পরিকল্পনা কমিশনের প্রধান (শিল্প ও শক্তি) বলেন যে, বেপজা একটি লাভজনক সংস্থা হিসেবে আলোচ্য প্রকল্পটি বেপজা'র নিজস্ব অর্থায়নে বাস্তবায়ন করতে পারে। উক্ত প্রেক্ষিতে বেপজা'র প্রতিনিধি বলেন যে, ইতোমধ্যে প্রকল্পের আওতাধীন জমির জন্য বেপজা থেকে ৫০.০০ কোটি টাকা বেজা'কে পরিশোধ করা হয়েছে। এছাড়া, প্রস্তাবিত অর্থনৈতিক জোনের জন্য দু'টি এপ্রোচ রোড বেপজা'র অর্থে নির্মাণের ব্যবস্থা নেয়া হয়েছে। এ মুহূর্তে পর্যাপ্ত তহবিল না থাকায় প্রকল্পটি বেপজা'র নিজস্ব অর্থায়নে বাস্তবায়ন করা সম্ভব হবে না।

৩.০। আলোচনাঃ

৩.১। পরিকল্পনা কমিশনের পক্ষ হতে ৮টি ইপিজেডে শিল্প ইউনিটের সংখ্যা এবং কর্মসংস্থানেরর হালনাগাদ তথ্য প্রস্তাবিত ডিপিপি-তে উল্লেখ করা এবং প্রকল্পের উদ্দেশ্য হতে মানবসম্পদ উন্নয়নের বিষয়টি বাদ দেয়াসহ বিভিন্ন অঙ্গের ব্যয় প্রাক্কলনে অর্থ বিভাগ হতে জারিকৃত হালনাগাদ কোড নম্বর, যথাযথ 'একক' ও 'পরিমাণ' উল্লেখ করার বিষয়ে মতামত ব্যক্ত করা হলে উক্ত বিষয়সমূহ প্রতিপালনে সভায় একমত পোষণ করা হয়। এছাড়া, প্রকল্পের শিরোনামে 'বেপজা অর্থনৈতিক অঞ্চল' এর পর 'মিরসরাই' শব্দটি উল্লেখের জন্য কার্যক্রম বিভাগের প্রতিনিধি মতামত ব্যক্ত করলে এ বিষয়ে সভায় ঐকমত্য হয়।

চলমান পাতা#২

৩.২। প্রকল্পটি বাস্তবায়নে চলতি ২০১৮-১৯ অর্থ বছরে প্রায় ২৩৮.৩০ কোটি টাকার সংস্থান রাখার প্রস্তাবের প্রেক্ষিতে উক্ত অর্থ সংস্থানের উৎস সংক্রান্ত আলোচনায় মধ্য-মেয়াদী বাজেট কাঠামো (এমটিবিএফ) ছক ডিপিপি-তে সংযোজন করার আবশ্যকতা এবং এমটিবিএফ এর বরাদ্দ অনুযায়ী আলোচ্য প্রকল্পের অনুকূলে অর্থের সংস্থান রাখার পক্ষে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

৩.৩। বেজা হতে ১১৫০ একর জমি প্রকল্পের অনুকূলে বরাদ্দ/হস্তান্তর প্রেক্ষিতে মূল্য পরিশোধ বিষয়ে বেপজা'র পক্ষ হতে সভায় অবহিত করা হয় যে, উক্ত ভূমির মূল্য নির্ধারণ করা হয়েছে ৩০০ কোটি টাকা। যার মধ্যে ৫০.০০ কোটি টাকা সংস্থার নিজস্ব তহবিল হতে ইতোমধ্যে বেজা'কে পরিশোধ করা হয়েছে। আলোচ্য প্রকল্পের আওতায় আরো ৫০.০০ কোটি টাকা পরিশোধ করা হবে। অবশিষ্ট ২০০.০০ কোটি টাকা বেজা'র সঙ্গে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আলোকে ৪৮টি সমান কিস্তিতে ৪৮ বছরে পরিশোধ করা হবে। সভায় জমির মূল্য পরিশোধের প্রক্রিয়াটি ডিপিপি-তে সুস্পষ্টভাবে উল্লেখ করার জন্য পরামর্শ প্রদান করা হয়।

৩.৪। সম্ভাব্য বিনিয়োগকারীদের ২০ বছর মেয়াদে শিল্প প্লট/ফ্লোর লিজ/ভাড়া প্রদানের ক্ষেত্রে প্রতি বর্গমিটার ২.৫ মার্কিন ডলার হিসাবে বিবেচনায় নেয়া এবং প্রতি ১০ বছর অন্তর উক্ত রেট পুন:বিবেচনার প্রস্তাবের বিষয়টি বাস্তবসম্মত নয় মর্মে বিভাগ প্রধান মতামত ব্যক্ত করলে প্রতি বর্গ মিটার শিল্প প্লট/ফ্লোর ভাড়ার বাস্তবসম্মত প্রক্ষেপণ (projection) বিবেচনায় নিয়ে প্রকল্পের অর্থনৈতিক বিশ্লেষণ সঠিকভাবে করার পক্ষে সভায় একমত পোষণ করা হয়।

৩.৫। আলোচনায় অংশ নিয়ে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের প্রতিনিধি বলেন যে, প্রকল্পটি বাস্তবায়ন শুরুর সময় জুলাই ২০১৮ এর পরিবর্তে বাস্তবভিত্তিকভাবে নির্ধারণ করা আবশ্যক। তিনি আরো বলেন যে, CPM, PERT প্রণয়ন এবং একটি Gantt Chart এর মাধ্যমে সময়ভিত্তিক কর্মপরিকল্পনা ডিপিপি-তে সংযুক্তকরণ, Logical Framework যথানিয়মে পুনর্গঠন এবং প্রকল্পের আওতায় বৈদেশিক প্রশিক্ষণ ও শিক্ষা সফরের বিস্তারিত পরিকল্পনা সংযুক্তি আকারে ডিপিপি-তে সংযুক্ত করা প্রয়োজন।

৩.৬। প্রস্তাবিত ডিপিপি-তে বেপজা'র নির্বাহী দপ্তর এবং বেপজা অর্থনৈতিক অঞ্চল, মিরসরাই এর লোকবল দ্বারা আলোচ্য প্রকল্পের পরিচালনা ও বাস্তবায়নের সংস্থানের বিষয়টি বাস্তবসম্মত না হওয়ায় এ সংক্রান্ত বিস্তারিত আলোচনান্তে বেপজা'র নিজস্ব জনবলের মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়ন এবং তা ডিপিপি-তে সুস্পষ্টভাবে উল্লেখ করার বিষয়ে সভায় ঐকমত্য হয়।

৩.৭। প্রকল্পের আওতায় কোন্ ক্ষেত্রে, কত জনমাসের জন্য এবং কতজন পরামর্শক নিয়োগ করা হবে তা সুস্পষ্টভাবে উল্লেখ করাসহ প্রতিটি কার্যের জন্য নিয়োজিতব্য পরামর্শকগণের যোগ্যতা ও কার্যপরিধি ডিপিপি-তে সংযুক্তি আকারে পৃথকভাবে সংযুক্ত করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৩.৮। প্রকল্পের আওতায় বিভিন্ন অঙ্গের বিপররীতে বিস্তারিত আলোচনায় Contingent Staff বা আনুষঙ্গিক কর্মচারি/প্রতিষ্ঠানের জন্য দৈনিক ভাতা ও ভ্রমণ ভাতার সংস্থান রাখার বিষয়টি ডিপিপি'তে সুস্পষ্টভাবে উল্লেখকরণে একমত পোষণ করা হয়।

৩.৯। প্রকল্পের আওতায় ডিপিপি-তে সংস্থানকৃত যানবাহন, কম্পিউটার সামগ্রী, এয়ারকুলার, ফটোকপি মেশিন, রেফ্রিজারেটর ও অন্যান্য সামগ্রীর সংখ্যা ও ব্যয় প্রাক্কলন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে প্রকল্পের আওতায় ২টি জীপ, ৪টি পিক-আপ, ২টি মাইক্রোবাস এবং ২টি গার্বেজ ট্রাক ক্রয়ের সংস্থান রেখে অর্থ বিভাগ হতে জারিকৃত সর্বশেষ সার্কুলার অনুযায়ী ব্যয় প্রাক্কলনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। উক্ত প্রেক্ষিতে যানবাহনের সংখ্যা হ্রাসের আনুপাতিক হারে জ্বালানী ও লুব্রিকেন্ট বাবদ প্রাক্কলিত ব্যয় হ্রাসে সভায় একমত পোষণ করা হয়। প্রকল্প বাস্তবায়নের ১ম বছরে কর্মকর্তাদের যাতায়াতের জন্য ভাড়ায় ১টি মাইক্রোবাস সংগ্রহপূর্বক এ বাবদ ২০ লক্ষ টাকা সংস্থান রাখার বিষয়ে সভায় ঐকমত্য পোষণ করা হয়। এছাড়া, প্রকল্পের আওতায় ২০টি কম্পিউটার, ৫টি ল্যাপটপ, ৮টি এয়ারকুলার, ৪.০০ লক্ষ টাকার মধ্যে ৩টি ফটোকপি মেশিন এবং ৩টি রেফ্রিজারেটর ক্রয়ের সংস্থান রাখার বিষয়ে সভায় ঐকমত্য পোষণ করা হয়।

৩.১০। প্রকল্পের আওতায় ভূমি উন্নয়ন কাজে বিডব্লিউডিবি এর রেট সিডিউল অনুযায়ী মূল্য নির্ধারণ করার প্রেক্ষিতে উক্ত রেট সিডিউল অনুযায়ী মূল্য নির্ধারণের কারণ বিস্তারিতভাবে ডিপিপি'তে উল্লেখ করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। এছাড়া, রাস্তা নির্মাণের কাজে কম্পেকশন রাখা এবং প্রকল্পের আওতায় নির্মিতব্য ২টি বক্স কালভার্টের যথাযথ পরিমাপ এবং ব্যয় প্রাক্কলন ডিপিপি-তে উল্লেখ করার বিষয়েও সভায় মতামত ব্যক্ত করা হয়।

৩.১১। প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের নির্বাহী সার-সংক্ষেপ ও অতি প্রয়োজনীয় অংশ ডিপিপি-তে সংযুক্তকরণ এবং পরবর্তী পর্যায়ে নির্মিতব্য Central Effluent Treatment Plant (CETP) পিপিপি ভিত্তিতে নির্মাণের যৌক্তিকতায় সভা একমত পোষণ করা হয়। এছাড়া, প্রকল্পের আওতায় নির্মিতব্য সকল ভবনে সোলার প্যানেল স্থাপনের সংস্থান রাখা এবং বৃষ্টির পানির সংরক্ষণাধারের সংস্থান রাখার বিষয়েও সভায় ঐকমত্য পোষণ করা হয়।

৪। **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে "বেপজা অর্থনৈতিক অঞ্চল- ১ম পর্যায়" শীর্ষক প্রকল্পটি অনুমোদনের জন্য সুপারিশ প্রদান করা হয়ঃ

৪.১। প্রকল্পের শিরোনাম 'বেপজা অর্থনৈতিক অঞ্চল, মিরসরাই- ১ম পর্যায়' নির্ধারণ করতে হবে;

৪.২। প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন অংশে যথাযথভাবে 'একক' ও 'পরিমাণ' উল্লেখসহ বিভিন্ন অঙ্গের ব্যয় প্রাক্কলনে অর্থ বিভাগ হতে জারিকৃত হালনাগাদ কোড নম্বর উল্লেখ করতে হবে;

৪.৩। মধ্য-মেয়াদী বাজেট কাঠামো (এমটিবিএফ) ছক ডিপিপি-তে সংযোজন করতে হবে এবং এমটিবিএফ এর বরাদ্দের আওতায় আলোচ্য প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রদান করতে হবে;

৪.৪। বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) এর নিকট হতে বেপজা'র অনুকূলে ১১৫০ একর জমি হস্তান্তরের মূল্য পরিশোধের প্রক্রিয়াটি ডিপিপি-তে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৪.৫। প্রকল্পের আওতায় ভূমি উন্নয়ন কাজে বিডব্লিউডিবি এর রেট সিডিউল অনুযায়ী মূল্য নির্ধারণের যৌক্তিকতা ডিপিপি-তে উল্লেখ করতে হবে এবং ভূমি উন্নয়নের ব্যয় প্রাক্কলন আরো পর্যালোচনান্তে যথাযথ পর্যায়ে নির্ধারণ করতে হবে;

৪.৬। প্রস্তাবিত বেপজা অর্থনৈতিক অঞ্চলের প্রতি বর্গ মিটার শিল্প প্লট/ফ্লোরের ভাড়ার বাস্তবসম্মত প্রক্ষেপণ (projection) বিবেচনায় নিয়ে প্রকল্পের অর্থনৈতিক বিশ্লেষণ সঠিকভাবে করতে হবে;

৪.৭। বেপজা'র নিজস্ব জনবলের মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়নের বিষয়টি ডিপিপি-তে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৪.৮। প্রকল্পের আওতায় কোন্ ক্ষেত্রে, কত জনমাসের জন্য এবং কতজন পরামর্শক নিয়োগ করা হবে তা সুস্পষ্টভাবে উল্লেখ করাসহ প্রতিটি কার্যের জন্য নিয়োজিতব্য পরামর্শকগণের যোগ্যতা ও কার্যপরিধি ডিপিপি-তে সংযুক্তি আকারে পৃথকভাবে সংযুক্ত করতে হবে;

৪.৯। প্রকল্পের আওতায় বৈদেশিক প্রশিক্ষণ ও শিক্ষা সফরের বিস্তারিত পরিকল্পনা সংযুক্তি আকারে ডিপিপি-তে সংযুক্ত করতে হবে;

৪.১০। প্রকল্পের আওতায় ২টি জীপ, ৪টি পিক-আপ, ২টি মাইক্রোবাস এবং ২টি গার্বেজ ট্রাক ক্রয়ের সংস্থান রেখে অর্থ বিভাগ হতে জারিকৃত সর্বশেষ সার্কুলার অনুযায়ী ব্যয় প্রাক্কলন করতে হবে। যানবাহনের সংখ্যা হ্রাসের আনুপাতিক হারে জ্বালানী ও লুব্রিকেন্ট বাবদ ব্যয় হ্রাস করতে হবে। প্রকল্প বাস্তবায়নের ১ম বছরে কর্মকর্তাদের যাতায়াতের জন্য ১টি মাইক্রোবাস ভাড়া বাবদ ২০ লক্ষ টাকা সংস্থান রাখতে হবে। এছাড়া, প্রকল্পের আওতায় ২০টি কম্পিউটার, ৫টি ল্যাপটপ, ৮টি এয়ারকুলার, ৪.০০ লক্ষ টাকার মধ্যে ৩টি ফটোকপি মেশিন এবং ৩টি রেফ্রিজারেটর ক্রয়ের সংস্থান রাখতে হবে;

৪.১১। প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের নির্বাহী সার-সংক্ষেপ ও অতি প্রয়োজনীয় অংশ ডিপিপি-তে সংযুক্ত করতে হবে;

৪.১২। প্রস্তাবিত ডিপিপি-তে প্রকল্পের আওতায় নির্মিতব্য সকল ভবনে সোলার প্যানেল স্থাপনের সংস্থান এবং বৃষ্টির পানির সংরক্ষণাধার নির্মাণের সংস্থান রাখতে হবে; এবং

৪.১৩। উপরে বর্ণিত আলোচনা ও সুপারিশের আলোকে ডিপিপি পুনর্গঠনপূর্বক ২০ কার্যদিবসের মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।

৫। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/৮/২০১৬

(শামীমা নার্গিস)
সদস্য
শিল্প ও শক্তি বিভাগ
বাংলাদেশ পরিকল্পনা কমিশন

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা

বিষয়ঃ "বেপজা অর্থনৈতিক অঞ্চল১ ১ম পর্যায়" শীর্ষক প্রকল্পের উপর প্রকল্প মুল্যায়ন কমিটি (পিইসি) এর সভা।

সভার তারিখ ও দিনঃ ১৩/০৮/২০১৮ খ্রি:; সোমবার।

সময়ঃ সকাল ১০:৩০ ঘটিকা; সভার স্থানঃ পরিকল্পনা বিভাগের সম্মেলন কক্ষ, ব্লক-১০, কক্ষ-৩-৪, শেরে-বাংলা নগর, ঢাকা।

সভাপতিঃ মিজ্ শামীমা নার্গিস, সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন।

| ক্রমিক নং | নাম ও পদবি | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | ফোন নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | শেখ মো: মাহবুব আহমদ<br>প্রধান (শিল্প ও শক্তি) | পরিকল্পনা কমিশন | | [signature] |
| ২. | মোহাম্মদ ফারুক আলম<br>সদস্য (প্রকৌশল) | বেপজা | 02556255568 | [signature] ১৩/০৮/১৮ |
| ৩. | মো: ইসমাইল হক<br>পরিচালক | প্রধানমন্ত্রীর কার্যালয় | 01712532166 | [signature] ১৩/০৮/১৮ |
| ৪. | মো: জিল্লুর রহমান<br>মহাব্যবস্থাপক (প্রকৌশল/সেবা) | বেপজা | 01711123039 | [signature] ১৩/৮/১৮ |
| ৫. | মো: আহসান কবির<br>চিফ ইঞ্জি (আই টি) | বেপজা | 01713 016417 | A. Kabir |
| ৬. | শেখ আবদুর রহমান ভূইয়া<br>- SE, BEPZA | BEPZA | 01715018122 | [signature] |
| ৭. | Md. Abdul Alim | PD | 017263 | |
| ৮. | Md. Yousuf Pasha | XEN, BEPZA | 01732707550 | [signature] |
| ৯. | আবিদা মুস্তারিন<br>সিনিয়র সহকারী প্রধান | আইএমইডি | 01816347339 | [signature] |
| ১০. | সাবরিনা রহমান<br>সিনিয়র সহকারী প্রধান | কার্যক্রম বিভাগ<br>প: কমিশন | 9180662 | [signature] |
| ১১. | মোহাম্মদ এনামুল আহসান<br>উপ-পরিচালক | আই.এম.ইডি | 9180706 | [signature] |
| ১২. | সালেহ আহমদ<br>উপ সচিব | ইআরডি | 01817609368 | [signature] ১৩.৮.১৮ |
| ১৩. | মো. আখতারুজ্জামান<br>উপ-প্রধান | [illegible] | 017[illegible] | [signature] |